

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২০৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭৩. মুসাফিরের ওয়াক্তের ব্যাপারে সন্দিহান অবস্থায় সালাত আদায় করা প্রসঙ্গে

باب الْمُسَافِرِ يُصلِّي وَهُوَ يَشُكُّ فِي الْوَقْتِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ شُعْبَةَ، حَدَّثَنِي حَمْزَةُ الْعَائِذِيُّ، _ رَجُلٌ مِنْ بَنِي ضَبَّةَ قَالَ: سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكِ، يَقُولُ: كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِذَا نَزَلَ مَانْزِلاً لَمْ يَرْتَحِلْ حَتَّى يُصَلِّي الظُّهْرَ فَقَالَ لَهُ رَجُلُّ: وَإِنْ كَانَ بِنِصْفِ النَّهَارِ قَالَ: وَإِنْ كَانَ بِنِصْفِ النَّهَارِ.

_ صحيح

বাংলা

১২০৫। আনাস ইবনু মালিক (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন স্থানে (যুহরের সময়) যাত্রাবিরতী করলে যুহর সালাত আদায় না করা পর্যন্ত সেখান থেকে পুনরায় রওয়ানা করতেন না। এক ব্যক্তি আনাস (রাঃ)-কে জিজ্ঞেস করলো, তখন যদি ঠিক দুপুর হয় তবুও? তিনি বললেন, হ্যাঁ, ঠিক দুপুর হলেও।[1]

সহীহ।

English

Narrated Anas ibn Malik:

When the Messenger of Allah () halted at a certain place (while on a journey), he would not leave that place till he offered the noon prayer. A man said to him: Even if in the middle of the day? He replied: Even if in the middle of the day.



ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : ওয়াক্ত সমূহ, অনুঃ সফরে যুহর সালাত অবিলম্বে আদায় করা, হাঃ ৪৯৭) এবং সুনানুল কুবরা' (হাঃ ১৪৮৫), আহমাদ (৩/১২০), ইবনু খুযাইমাহ (হাঃ ৯৭৫) সকলে শু'বাহ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন